গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৮.১৬.০০৫.১৪-৫১৯ তারিখঃ ১৯-০৬-২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ বিশেষ জজ আদালত-৫, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৫/২০১৩ (ACC জি,আর মামলা নং-৮৪/২০১১, তেজগাঁও থানার মামলা নং-১৫, তারিখঃ- ০৮/০৮/২০১১ খ্রিঃ) এর বিচার কার্যক্রম পরিচালনার জন্য এজলাস স্থানান্তর প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিশেষ জজ আদালত-৫, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৫/২০১৩ এর বিচার কার্যক্রম বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এর পরিবর্তে ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হবে মর্মে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। যা প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ গেজেটের কপি ০১(এক) ফর্দ।**

১৯/০৬/১৭
(মোশতাক আহাম্মদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪১৬

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ, ঢাকা/মহানগর দায়রা জজ, ঢাকা/মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।
৪. বিচারক, বিশেষ জজ আদালত-৫, ঢাকা।
৫. আই, জি, প্রিজন, কেন্দ্রীয় কারাগার, ঢাকা।
৬. সি,এম,এম, ঢাকা / সি,জে,এম, ঢাকা।
৭. জেলা প্রশাসক, ঢাকা।
৮. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা।
৯. পুলিশ সুপার, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১. উপ-পুলিশ কমিশনার, প্রসিকিউশন, ঢাকা।
১২. সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(অত্র বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫. পিপি, জেলা ও দায়রা জজ, ঢাকা /পিপি, মহানগর দায়রা জজ, ঢাকা।
১৬. স্পেশাল পিপি, বিশেষ জজ আদালত-৫, ঢাকা।
১৭. সভাপতি, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা।
১৮. সাধারণ সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি,ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/০৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৬৯-আইন/২০১৭।**—ঢাকাস্থ বিশেষ মামলা নং-০৫/২০১৩ (ACC জি, আর মামলা নং-৮৪/২০১১, তেজগাঁও থানার মামলা নং-১৫, তারিখঃ ০৮-০৮-২০১১ খ্রি), Section-109 of Penal Code এবং Prevention of Corruption Act, 1947 under section 5(2) যাহা জিয়া চ্যারিটেবল ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবনে অবস্থিত বিশেষ জজ আদালত-৫, ঢাকা এ বিচারাধীন; উক্ত ভবনে বহু সংখ্যক আদালতের বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে বিধায় নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898(Act. V of 1898) (এর) Section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৫/২০১৩ এর বিচার কার্যক্রম পরিচালনা করার জন্য ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকাণ্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসেবে ঘোষণা করিল এবং এতদ্দ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৫/২০১৩ এর বিচারকার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
যুগ্ম-সচিব(প্রশাসন-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ৪.০০